



জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর, বাংলাদেশ
ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়
জনসংযোগ দপ্তর
ফোন : ০২ ৯৯৬৬৯১৫৩৬, ফ্যাক্স: ০২ ৯৯৬৬৯১৫৫০
mail: nupr1992@gmail.com

১ নভেম্বর, ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সংক্রান্ত প্রতারণামূলক প্রচারণায় বিভ্রান্ত না হওয়ার আহ্বান

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ, শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, সম্প্রতি বিভিন্ন বেনামি ফেসবুক পেইজ থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা স্থগিত সম্পর্কিত কিছু ফেইক বিজ্ঞপ্তি প্রকাশ করে প্রতারণামূলকভাবে শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে বিভ্রান্ত করার চেষ্টা চলছে। এ বিষয়ে সকলকে বিভ্রান্ত না হওয়ার আহ্বান জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সংক্রান্ত সকল বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd এ প্রকাশ করা হয়। এছাড়া www.nubd.info তেও পরীক্ষার যাবতীয় সকল সময়সূচি, ফলাফল, ফরমপূরণ, বিভিন্ন বিজ্ঞপ্তি ও সংশোধিত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ফেসবুক পেইজ লিংক হচ্ছে <https://www.facebook.com/nationaluniversityfacebookpage?mibextid=ZbWKwL>। এর বাইরে বিশ্ববিদ্যালয়ের আর কোনো ফেসবুক পেইজ নেই।

সকলকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ওয়েবসাইট এবং অফিসিয়াল ফেসবুক পেইজে প্রকাশিত বিজ্ঞপ্তি ছাড়া অন্য কোন ফেসবুক পেইজ বা ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুসরণ না করার জন্য অনুরোধ করা হল। এসব ফেইক বিজ্ঞপ্তি যারা প্রচার করছে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে।

(মো. আতাউর রহমান)
পরিচালক
জনসংযোগ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়